

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪৮৫

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (کتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/৬৫. আগুনের তাপে পরিবর্তিত জিনিস আহারের পর উযূ করা।

بَابِ الْوُضُوءِ مِمَّا غَيَّرَتْ النَّارُ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الصَّبَّاحِ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرِو بْنِ عَلْقَمَةَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ النَّبِيَّ - صلى الله عليه وسلم - قَالَ " أَبِي هُرَيْرَةَ، أَنَّ النَّبِيَّ - صلى الله عليه وسلم - قَالَ " تَوَضَّنُوا مِمَّا غَيَّرَتِ النَّارُ " . فَقَالَ ابْنُ عَبَّاسٍ أَتَوَضَّأُ مِنَ الْحَمِيمِ فَقَالَ لَهُ يَا ابْنَ أَخِي إِذَا سَمِعْتَ عَنْ رَسُولِ اللَّهِ - صلى الله عليه وسلم - حَدِيثًا فَلاَ تَضْرِبْ لَهُ الأَمْثَالَ .

বাংলা

১/৪৮৫। আবৃ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আগুনে পাকানো জিনিস খাওয়ার পর তোমরা উযু (ওজু/অজু/অযু) করো। ইবনু আব্বাস (আবৃ হুরায়রাকে) বলেন, আমরা কি গরম পানি পানের পরও উযু (ওজু/অজু/অযু) করবো? তিনি তাকে বলেন, হে ভ্রাতুপ্পুত্র! তুমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর হাদীস শুনলে তার সামনে দৃষ্টান্ত পেশ করো না।

English

It was narrated from Abu Hurairah that:

The Prophet said: "Perform ablution after (eating) that which has been changed by fir." Ibn 'Abbas said: "Should I do ablution after (touching) hot water?" Abu Hurairah said: "O son of my brother, when I narrate a Hadith of the Messenger of Allah to you, then do not try to make examples for it."

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: মুসলিম ৩৫২, তিরমিয়ী ৭৯, নাসায়ী ১৭১-৭৫, আবূ দাউদ ১৯৪, আহমাদ ৭৫৫০, ৭৬১৮, ৯২৩৫, ৯৭২১।



তাহকীক আলবানী: تَوَضَّنُوا শব্দটি ছাড়া হাসান। উক্ত হাদিসের রাবী মুহাম্মাদ বিন আমর সম্পর্কে ইবনু আদী বলেন, কোন সমস্যা নেই। ইবনু হিব্বান বলেন, তিনি সিকাহ তবে হাদিস বর্ণনায় ভুল করেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন